

ঢাকা ওয়াসা

- (১) দাশেরকান্দি পয়ঃশোধনাগারে অনুকূলে ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (এপিপি)'র কপি।
 (২) অনুমোদিত দর।
 (৩) প্রস্তুতকৃত প্রাক্কলন।


বিষয়ঃ “Supply & Installation 2inch Deep Tubewell at Dasherakandi STP, Dhaka WASA” শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

ক্রমিক নং-১ হতে ৩ দেখা যেতে পারে। ঢাকা মহানগরবাসীর পয়ঃ সেবা প্রদানের লক্ষ্যে ঢাকা ওয়াসা কর্তৃক দাশেরকান্দি পয়ঃশোধনাগারটি বাস্তবায়ন হয়েছে। বর্তমানে গত ০১/০৭/২০২৩খ্রিঃ তারিখ হতে আলোচ্য পয়ঃশোধনাগারটি ঢাকা ওয়াসার তত্ত্বাবধানে Operation and Maintenance কার্যক্রম চলমান রয়েছে।

২। দাশেরকান্দি পয়ঃশোধনাগারটি দক্ষিণ এশিয়ার মধ্যে অন্যতম বৃহত্তম এবং বাংলাদেশের সর্ববৃহৎ ও সর্বপ্রথম অত্যাধুনিক প্রযুক্তি সম্পন্ন পয়ঃশোধনাগার। পয়ঃশোধনাগারের আওতায় ১টি SLS ও ১টি ৫০০MLD ক্ষমতা সম্পন্ন পয়ঃশোধনাগার বিদ্যমান রয়েছে। পয়ঃশোধনাগারটি দৈনিক ৮ঘন্টা করে তিন শিফটে নিরবিচ্ছিন্নভাবে ১১৪জন জনবল দ্বারা Operation and Maintenance কার্যক্রম পরিচালনা করা হয়। উক্ত Operation and Maintenance কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য পয়ঃশোধনাগারের অভ্যন্তরে বিদ্যমান Operator House -এ অধিকাংশ কর্মকর্তা-কর্মচারীদের থাকার প্রয়োজন হয়। উল্লেখ্য, আলোচ্য পয়ঃশোধনাগারের অভ্যন্তরে অবস্থানরত কর্মকর্তা-কর্মচারীদের জন্য ডাইনিংয়ের ব্যবস্থা রয়েছে। ফলে পয়ঃশোধনাগার অভ্যন্তরে খাবার ও গোসলের পানির সুষ্ঠু সরবরাহ প্রয়োজন। আলোচ্য পয়ঃশোধনাগারের অভ্যন্তরে ১টি 2inch Deep Tubewell বিদ্যমান রয়েছে; যা দ্বারা পয়ঃশোধনাগারের অভ্যন্তরে পর্যাপ্ত পানি সরবরাহ করা সম্ভব হচ্ছে না। ফলে জরুরী ভিত্তিতে পয়ঃশোধনাগারের অভ্যন্তরে ১টি 2inch Deep Tubewell স্থাপন করা জরুরী। উল্লেখিত 2inch Deep Tubewell Supply and Installation এর পূর্বানুমোদিত দরের ভিত্তিতে Deep Tubewell সরবরাহ এবং স্থাপনের নিমিত্তে একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে (ক্রমিক নং-৩ দ্রঃ)। মোট প্রাক্কলিত মূল্য ৯,৯৮,৪৪৬.০০ (নয় লক্ষ আটাত্তানবই হাজার চারশত ছেচল্লিশ) টাকা মাত্র। উল্লেখ্য, আলোচ্য ব্যয়ভার পয়ঃশোধনাগারের আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরে প্রাপ্ত রাজস্ব বাজেটের Water & Sewage Treatment Plant (O&M)(01-04-011) খাত হতে এবং অনুমোদিত ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- ২০১ হতে নির্বাহ করা হবে। অনুমোদিত APP অনুযায়ী দরপত্র দলিলে ক্রয়কারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, দাশেরকান্দি পয়ঃশোধনাগার, ঢাকা ওয়াসা দায়িত্ব পালন করবেন এবং উক্ত ক্রয়কারী কর্তৃক দরপত্র আহবান, কার্য সম্পাদন নোটিশ জারী, চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনাসহ ক্রয় সংক্রান্ত যাবতীয় সকল কার্যক্রম গ্রহণ করা হবে।

৩। এমতাবস্থায়, দাশেরকান্দি পয়ঃশোধনাগারের Operation and Maintenance কার্যক্রম সুষ্ঠু ও নিরবিচ্ছিন্নভাবে চলমান রাখার স্বার্থে পয়ঃশোধনাগারের অভ্যন্তরে ১টি 2inch Deep Tubewell স্থাপনের লক্ষ্যে “Supply and Installation 2inch Deep Tubewell at Dasherakandi STP, Dhaka WASA” শীর্ষক কাজটি PPR-2008 এর ধারা ৬১ অনুসারে e-GP প্রক্রিয়ায় CPTU এর Standard Tender Document (STD) (PG-2) অনুসরণে উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) -এ সম্পাদনের লক্ষ্যে মোট ৯,৯৮,৪৪৬.০০ (নয় লক্ষ আটাত্তানবই হাজার চারশত ছেচল্লিশ) টাকার প্রাক্কলনটির আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য, আলোচ্য কাজের প্রাক্কলন অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।


০৭/১০/২০২৫

মনমথ রায়
উপ-সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।


০৭/১০/২০২৫

মোঃ হাবিবুর রহমান রনি
সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।


০৭/১০/২০২৫
মোঃ মোমতাজুর রহমান
নির্বাহী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।

SE (w/STP)

০৪ অনুমোদিত
০৭/১০/২০২৫
মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার সার্কেল

XEN (DSTP)